# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১.১১ হায়েয-নিফাস ও ইস্তিহাদা - ১১৫. হায়েয কী?

বালেগ হওয়ার পর প্রতিমাসে স্বাভাবিকভাবে নির্দিষ্ট কয়েক দিন ধরে মেয়েদের জরায়ু হতে প্রস্রাবের রাস্তা দিয়ে যে রক্ত নির্গত হয় সেটাকে বলা হয় হায়েয বা ঋতুস্রাব। হায়েযের রক্তের বিভিন্ন রঙ হতে পারে। তন্মধ্যে (ক) কালো, (খ) লাল, (গ) হলুদ এবং ময়লা ঘোলা পানির মতো মেটে রঙের। হায়েযের রক্তে কখনো দুর্গন্ধ থাকে। উল্লেখ্য যে, মেয়েরা গর্ভবতী হলে গর্ভধারণকালীন সময়ে হায়েযের রক্ত প্রবাহিত হয় না। হায়েযের এ রক্তকে তখন আল্লাহ তাআলা তার কুদরতে গর্ভজাত সন্তানের খাবারে পরিণত করে দেন। আবার সন্তান প্রসবের পর একই রক্তকে পুনরায় তারই কুদরতে সন্তানের মায়ের স্তনে পৌছলে শিশুর খাবার হিসেবে দুধে পরিণত করে দেন। (সুবহানাল্লাহ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12854

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন